গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫২৮.০০১.০৫.০১৩.২৫-২০

তারিখ: ২০ পৌষ ১৪৩২ / ০৪ জানুয়ারি ২০২৬

## "জলমহাল ইজারা বিজ্ঞপ্তি"

ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ২৩/১১/২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২৩.৭০৪ নং প্রজ্ঞাপনমূলে গত ৩০./১২/২০২৫ খ্রি. তারিখে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তের আলোকে নড়াইল জেলার কালিয়া উপজেলাধীন ২০(বিশ) একর পর্যন্ত নিম্নোক্ত জলমহালসমূহ বাংলা ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত সময়সূচি ও শর্ত সাপেক্ষে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

### ইজারাযোগ্য জলমহালের বিবরণ

| ক্রমিক নং | জলাশয়ের নাম | গ্রাম/মৌজা | আয়তন (একরে) | সম্ভাব্য মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মচন্দপুর খাস পুকুর | মদনগাতী | ০.৭৫ | ৫২৫০/- | ৫০০/- |
| ০২ | বড়কালিয়া খাস পুকুর দাশ পাড়া | বড়কালিয়া | ১.৮০ | ৭৪৫৫০/- | ৫০০/- |
| ০৩ | শিবানন্দপুর খাস পুকুর | শিবানন্দপুর | ২.৮৫ | ৫১৪৫/- | ৫০০/- |
| ০৪ | খাশিয়াল খাস পুকুর | খাশিয়াল | ১.১৪ | ১৪৯১০/- | ৫০০/- |
| ০৫ | বড়কালিয়া খাস পুকুর | বড়কালিয়া | ০.৩০ | ২৩২০৫/- | ৫০০/- |
| ০৬ | চালিতাতলা জলকর | চালিতাতলা | ১২.২২ | ২৭৩০০/- | ৫০০/- |
| ০৭ | ধাড়িয়াঘাটা খাস পুকুর | ধাড়িয়াঘাটা | ০.১৪ | ৬৩০০/- | ৫০০/- |
| ০৮ | ছাত্রাখালী খাল | ছাত্রাখালী | ১৪.৬৮ | ৩৩৬০০/- | ৫০০/- |
| ০৯ | চাঁচুড়ী বাজার খাস পুকুর | ধাড়িয়াঘাটা | ০.৫২ | ৮১৯০/- | ৫০০/- |
| ১০ | বাবুপুর জলকর | বাবুপুর | ১৭.১০ | ৩১৪২১/- | ৫০০/- |
| ১১ | বাবুপুর খাল | বাবুপুর | ১৮.৩৬ | ২১৫০০/- | ৫০০/- |
| ১২ | ভোমবাগ খাল জলকর | ভোমবাগ | ১৮.৭৫ | ৫২৫০০/- | ৫০০/- |
| ১৩ | বিল সিলিমপুর জলমহাল | বিল সিলিমপুর | ১৮.৪০ | ৪৫৬৭৫/- | ৫০০/- |

### আবেদন সংক্রান্ত সিডিউল

| অনলাইনে আবেদনপত্র দাখিলের তারিখ | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মুল কপি সিলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিয়া, নড়াইলে দাখিল | অনললাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন |
|---|---|---|---|
| ১৫.০১.২০২৬ হতে ২৯.০১.২০২৬ খ্রি. (১ মাঘ হতে ১৫ মাঘ ১৪৩২ পর্যন্ত) | ০১.০২.২০২৬ হতে ০৩.০২.২০২৬ খ্রি. (১৮ মাঘ হতে ২০ মাঘ ১৪৩২ বিকাল ৪.০০ টা পর্যন্ত) | ০৫.০২.২০২৬ হতে ১১.০২.২০২৬ খ্রি. (২২ মাঘ হতে ২৮ মাঘ ১৪৩২) | ১২.০২.২০২৬ খ্রি. হতে ১৮.০২.২০২৬ খ্রি. (২৯ মাঘ হতে ০৫ ফাল্গুন ১৪৩২) |

### শর্তাবলী ঃ

০১। যে কোন আগ্রহী মৎস্যজীবী সমবায় সমিতি জলমহাল ইজারায় অংশ গ্রহণ করতে পারবে। তবে সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন। কিন্তু কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

০২। সমবায় অধিদপ্তর ও সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনকে নগদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিস, কালিয়া, নড়াইল হতে আবেদনপত্র ক্রয় করে www.jm.lams.gov.bd তে জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিল করতে হবে।

০৩। বৈধ মৎস্যজীবী সমবায় সমিতির বৈধতা সম্পর্কে উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তার নিকট হতে সনদপত্র দাখিল করতে হবে ও বিগত তিন বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির ক্ষেত্রে দরকার হবে না।

০৪। আবেদনপত্র দাখিলের পূর্বে জলমহালটি সরেজমিনে দেখে আবেদন দাখিল করতে হবে। পরে কোনো আপত্তি উত্থাপন করলে তা গ্রহণযোগ্য হবেনা।

০৫। সিডিউল অনুযায়ী অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মুলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে নির্ধারিত তারিখে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিয়া, নড়াইলে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ব্যতীত ও সিডিউলে বর্ণিত তারিখের পর আবেদন গ্রহণ করা হবেনা। সীলমোহরযুক্ত খামের উপর জলাশয়/মহালের নাম, দরপত্র দাতার নাম, ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৬। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনকে দুটির অধিক জলমহাল ইজারা প্রদান করা হবে না।

০৭। যদি ইজরা গ্রহীতা নির্দিষ্ট সময়ের মধ্যে অর্থাৎ প্রথম ও দ্বিতীয় বৎসর শেষ হওয়ার পূর্বেই যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় বৎসরের নির্দিষ্ট পরিমান অর্থ পরিশোধ করতে ব্যর্থ হন তবে তার জন্য কোন অজুহাত বিবেচনা করা হবে না এবং তা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ নতুন করে সংশ্লিষ্ট জলমহাল ইজারা প্রদান করতে পারবেন।

০৮। দরপত্রের সাথে জামানত স্বরুপ উদ্ধৃত দরের ২০% অর্থ যে কোন সিডিউল ব্যংক হতে ব্যাংক ড্রাফট আকারে নিম্নস্বাক্ষকারীর অনুকুলে দাখিল করতে হবে উক্ত ২০% অর্থ কৃতকার্য দরদাতার ইজারা মুল্যের সাথে সমন্বয় করা হবে।

০৯। অনুমোদিত দরদাতার অবশিষ্ট ৮০% অর্থ ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে এককালীন পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধ করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকুলে বাজেয়াপ্ত হবে।

১০। নির্ধারিত সময়ের মধ্যে দরদাতাকে দরপত্রের উল্লিখিত দরের ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) প্রদান করতে হবে।

১১। এক জলমহালের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক জলমহালের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্গত দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

১২। ইজারাদার কোনক্রমেই জলমহাল অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরুপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা উল্লিখিত চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১৩। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক চুক্তি সম্পাদন করতে হবে।

১৪। জলমহালের ইজারার মেয়াদ ১ বৈশাখ হতে শুরু হবে এবং বছরের যে কোনো সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১ বৈশাখ হতেই কার্যকর হবে এবং ৩০ চৈত্র তারিখে শেষ হবে। যদি একই সময়ের মধ্যে খাস কালেকশন করা হয়ে তাহলে তা সরকারি খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সমিতি/সংগঠন পাবেনা।

১৫। নির্ধারিত শর্ত সাপেক্ষে ইজারার মেয়াদ বাংলা ১৪৩৫ সালের ৩০ চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে।

১৬। ইজারা গ্রহীতা সরকারী খাস পুকুর/জলমহালের পাড়ে বিদ্যমান কোন বৃক্ষ বা ইজারা চুক্তির মেয়াদের মধ্যে রোপিত বৃক্ষের উপর কোন অধিকার বা স্বার্থবান হবে না।

১৭। কোন সমিতির নিকট সায়রাত মহালের ইজারামূল্য বকেয়া এবং সার্টিফিকেট মামলা থাকলে উক্ত সমিতির আবেদন ফরম গ্রহণযোগ্য হবে না।

১৮। কোনো জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদানের বিরুদ্ধে যদি উপযুক্ত কর্তৃপক্ষ/আদালতে স্থিতিবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ জারি করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবেনা।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরিকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪.০১.২০২৬

(মোঃ জিন্নাতুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ইজারা ব্যবস্থাপনা কমিটি
কালিয়া, নড়াইল।

স্মারক নম্বর ০৫.৪৪.৬৫২৮.০০১.০৫.০১৩.২৫- ২৮ (৫০)

তারিখ: ২০ পৌষ ১৪৩২ / ০৪ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

১। জেলা প্রশাসক, নড়াইল।
২। সহকারী কমিশনার (ভূমি), কালিয়া, নড়াইল।
৩। উপজেলা..........................................................অফিসার, কালিয়া, নড়াইল।
৪। চেয়ারম্যান,............................ ................ (সকল) ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,....................................(সকল),ইউঃ ভূমি অফিস, কালিয়া, নড়াইল। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৬। সভাপতি/সম্পাদক,..............................................................................................সমবায় সমিত, কালিয়া, নড়াইল।
৭। অফিস নথি।

০৪/০১/২৬

(শ্রাবনী বিশ্বাস)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কালিয়া, নড়াইল